



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 11 Feb. 26

TIME: 7:35 AM

রাজ্য নির্বাচন কমিশন চলতি বছরের পয়লা জানুয়ারিকে ভিত্তি করে আসামের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছে। এই বিশেষ সংশোধিত ভোটার তালিকা অনুসারে রাজ্যে মোট ভোটদাতার সংখ্যা হচ্ছে - দুই কোটি ৪৯ লক্ষ ৯৮ হাজার ১৩৯ জন। সে অনুযায়ী রাজ্যে ভোটদাতার সংখ্যা খসড়া ভোটার তালিকা থেকে দুই লক্ষ ৪৩ হাজার ৪শ ৮৫ হ্রাস পেয়েছে।

এদিকে রাজ্য নির্বাচন কমিশনের সূত্র অনুযায়ী প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকা সম্পর্কিত যেকোনো দাবি ও আপত্তি আগামী ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের কাছে দাখিল করা যাবে। এই প্রক্রিয়ায় সন্তুষ্ট না হলে যেকোনো আবেদন রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের কাছে দাখিল করা যাবে। আসামের সবকটি জেলার আয়ুক্তগণ সংশ্লিষ্ট জেলাগুলির জন্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছেন।

কাছাড় জেলায় আজ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করে জেলা নির্বাচন আধিকারিক আয়ুষ গর্গ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন যে- এই জেলার সাতটি বিধানসভা এলাকা নিয়ে মোট ভোটদাতার সংখ্যা হচ্ছে- ১৩ লক্ষ ৮১ হাজার ৯শ ৩ জন। এর মধ্যে ৬ লক্ষ ৯১ হাজার ৬০৭ জন পুরুষ এবং ৬

লক্ষ ৯০ হাজার দুশ ৮৩ জন মহিলা ভোটার । এছাড়া তৃতীয় লিঙ্গের ভোটারের সংখ্যা হচ্ছে- ১৩ জন । কাছাড় জেলায় বিশেষ সংশোধনের পর প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় থেকে ৩৩ হাজার ৫শ ৩৬ জনের নাম বাদ পড়েছে ।

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা কেন্দ্র নিয়ে মোট ভোটারের সংখ্যা হচ্ছে- ৯ লক্ষ ৪০ হাজার ৬শ ৪৯ জন । এরমধ্যে ৪ লক্ষ ৮২ হাজার ৪৩৬ জন পুরুষ, ৪ লক্ষ ৫৮ হাজার ২০১ জন মহিলা এবং বারোজন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । জেলার নির্বাচন আধিকারিক প্রদীপ কুমার দ্বিবেদী এক সাংবাদিক সম্মেলনে এই তালিকা প্রকাশ করে আরো জানিয়েছেন যে- এই বিশেষ সংশোধনী প্রক্রিয়ায় এবছর ছয় নম্বর ফর্মের আবেদনের মাধ্যমে ১৯ হাজার ৯৬১ জন নতুন ভোটারের নাম তালিকায় সন্নিবিষ্ট করা হয়েছে । শ্রীভূমি জেলায় ৫৪ হাজার ৩৯৭ জন ভোটারের নাম তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে ।

হাইলাকান্দি জেলায় প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী মোট ভোটারের সংখ্যা হচ্ছে- চার লক্ষ ৯৬ হাজার ৯৬২ জন । এরমধ্যে দুই লক্ষ ৫৭ হাজার ৬৬১ জন পুরুষ, দুই লক্ষ ৩৯ হাজার ২৯৯ জন মহিলা এবং দুইজন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । হাইলাকান্দি জেলায় চূড়ান্ত ভোটার তালিকায় ১৭ হাজার ৭১৪ জনের নাম বাদ পড়েছে ।

রাজ্যে আজ থেকে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের কলা ,বাণিজ্য ,বিজ্ঞান ও বৃত্তিমুখী শাখার পরীক্ষা অনুষ্ঠিত হবে । উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার সবকটি শাখায় এবছর মোট তিন লক্ষ ৩০ হাজার ৭শ ৪৪ জন পরীক্ষার্থী অবতীর্ণ হবে । রাজ্যের ৮২১ টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার আয়োজন করা হচ্ছে এবং পরীক্ষার শেষে রাজ্যের মোট ৪৮ টি মূল্যায়ন কেন্দ্রে উত্তর পত্রগুলি মূল্যায়ন করা হবে ।

মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষার পরিপ্রেক্ষিতে কাছাড়, শ্রীভূমি ও হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে বেশকিছু নীতি নির্দেশনা জারী করা হয়েছে । সে অনুসারে মাইক সহ উচ্চ প্রাবল্যের শব্দ যন্ত্র ব্যবহার না করে অনুষ্ঠানের আয়োজন করতে এবং পরীক্ষার্থীদের সহায়তা করতে জনসাধারণের প্রতি আহ্বান জানানো হয়েছে ।

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় অবতীর্ণ পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়েছেন ।

শ্রীভূমি জেলায় এবছর উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় ১১ হাজার ৫শ ৪২ জন পরীক্ষার্থী অবতীর্ণ হবে । এরমধ্যে চার হাজার ৭শ ২৬ জন ছাত্র এবং ৬ হাজার ৮শ ১৬ জন ছাত্রী । জেলাজুড়ে মোট ২০টি পরীক্ষা কেন্দ্র এবং ২০ জন সেন্টার সুপার ভাইজার নিয়োগ করা হয়েছে । জেলা শিক্ষা বিভাগের পক্ষ থেকে প্রতিটি পরীক্ষা কেন্দ্রে কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে । পরীক্ষা চলাকালীন সময়ে সাইবার সেলের তীক্ষ্ণ নজরদারীও থাকবে । রাজ্যের শিক্ষা বিভাগের নতুন নির্দেশনা অনুযায়ী পরীক্ষা পরিচালনার দায়িত্বে কোন বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকদের রাখা হচ্ছে না ।

এদিকে কাছাড় ও হাইলাকান্দি জেলায়ও আজ থেকে শুরু হতে যাওয়া উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন হয়েছে ।

মেঘালয়ের পূর্ব জয়ন্তীয়া পার্বত্য জেলার থাংক্লকো অঞ্চলের মিনশ্বিংগার কয়লা খনিতে সংগঠিত বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে ২৮ হয়েছে । শিলংয়ের

নেইগ্রিমস হাসপাতালে ভর্তি থাকা একজন আহত শ্রমিকের গতকাল মৃত্যু হয়েছে ।
